গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.minland.gov.bd

স্মারক নং-ভূ:ম:/যুস(খাসজমি)/অভিযোগ তদন্ত-১/২০১৫-১৫৮ তারিখ:০৯/০৫/২০১৭খ্রিঃ

**বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা(Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম**

সূত্র: ০৪.০০.০০০০.২২২.২৭.০৩৫.৩৫.০৫,তারিখ:০৭/০১/২০১৫খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের এপ্রিল-২০১৭ মাসের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা(Grievance Redress System-GRS) সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন নির্ধারিত ছকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট(১+২) | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিস্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিস্পত্তিকত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ৮ | ৫ | ১৩ | ১৩ | (১) মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর থানার বাঘরা ইউনিয়নের ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা মো: আজিজুল ইসলাম এর বিরুদ্ধে লক্ষ লক্ষ টাকা দুর্নীতির অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক,মুন্সিগঞ্জকে অনুরোধ করা হয়েছে।<br>(২) মুন্সিগঞ্জ জেলার টঙ্গীবাড়ী থানার অন্তর্গত আড়িয়াল,বালিগাঁও ও ধীপুর ৩(তিন)টি ইউনিয়নের দায়িত্বে নিয়োজিত উপ-সহকারী কর্মকর্তা সোহরাব হোসেন ও আ: ওয়াহেদ এর অবৈধ কার্যকলাপ,অর্জিত সম্পত্তি,অর্থ ও ব্যাংক একাউন্ট বদলিসহ তাদের সিন্ডিকেটের বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে গৃহীত কার্যক্রম ভূমি মন্ত্রষণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক,মুন্সিগঞ্জ-কে অনুরোধ করা হয়েছে।<br>(৩) গত ০২/০৪/২০১৭ তারিখে দৈনিক যুগান্তর পত্রিকায় 'ঘুষের হাট নবাবগঞ্জ ভূমি অফিস' প্রকাশিত পেপার ক্লিপিং এর বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক,ঢাকা-কে অনুরোধ করা হয়েছে।<br>(৪) দৈনিক ইত্তেফাক পত্রিকায় ' ঘুষ ছাড়া কাজ হয় না ভূমি অফিসে ' প্রকাশিত পেপার ক্লিপিং এর বিষয়ে তদন্ত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ ও ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক,ঢাকা/গাজীপুর/নারায়ণগঞ্জ-কে অনুরোধ করা হয়েছে। | ০০ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | (৫) দৈনিক সমকাল পত্রিকায় ' টাকা ছাড়া কাজ হয় না ভূমি অফিসে ' প্রকাশিত পেপার ক্লিপিং এর বিষয়ে তদন্ত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ ও ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক,নারায়ণগঞ্জ-কে অনুরোধ করা হয়েছে।<br>(৬) দৈনিক সংবাদ পত্রিকায় ' ভূমি অফিসে ঘুষ ছাড়া ফাইল নড়ে না ' প্রকাশিত পেপার ক্লিপিং এর বিষয়ে তদন্ত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ ও ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক,খুলনা-কে অনুরোধ করা হয়েছে।<br>(৭) দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় ' খাসজমির ৮৮ শতাংশই ধনী ও প্রভাবশালীদের দখলে: বারকাত' প্রকাশিত পেপার ক্লিপিং এর বিষয়ে খাসজমি প্রকৃত ভূমিহীনদের মধ্যে বিতরণ এবং অবৈধ দখলদারদের হাত থেকে খাসজমি উদ্ধারের জন্য সকল জেলা প্রশাসক-কে অনুরোধ করা হয়েছে।<br>(৮) দৈনিক ইত্তেফাক পত্রিকায় ' গৌরিপুরে ইউনিয়ন ভূমি অফিসের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ' প্রকাশিত পেপার ক্লিপিং এর বিষয়ে তদন্ত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ ও ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক,ময়মনসিংহ-কে অনুরোধ করা হয়েছে।<br>(৯) জনাব মো: সামসুল আলম, অবসরপ্রাপ্ত সেনা সার্জেন্ট,পিতা: মৃত-তমিজ উদ্দিন, গ্রাম:নিজবাড়ী ও ডাকঘর:দেবনগর, তেঁতুলিয়া,পঞ্চগড় কর্তৃক অন্যায়ভাবে তাঁর বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠান জবর দখলের বিষয়ে অনলাইনে দাখিলকৃত অভিযোগটি তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য জেলা প্রশাসক,পঞ্চগড়-কে অনুরোধ করা হয়েছে।<br>(১০) জনাব বিধান দেবনাথ,পিতা: অশ্বিনী কুমার নাথ,মীরসরাই,চট্টগ্রাম কর্তৃক অনলাইনে দাখিলকৃত বি এস চূড়ান্ত খতিয়ানে অনাবাসিক হিসেবে চূড়ান্ত খতিয়ান জারি হলেও ঐ সম্পত্তি অর্পিত সম্পত্তির ক ও খ ভুক্ত না হওয়ায় অবমুক্তি সম্পর্কিত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসচিব,আইন-৪,ভূমি মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।<br>(১১) জনাব মোহাম্মদ হাসান আলী, পিতা: আবুল বাসার, কাজীপাড়া, পাহাড়তলী, চট্টগ্রাম কর্তৃক কাটালী তহশীল অফিস,চান্দগাঁও-এর কেস নং: ২-২০৪৮/১৩ সংশ্লিষ্ট নথি খুঁজে না পাওয়ার বিষয়ে অনলাইনে দাখিলকৃত অভিযোগ তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য জেলা প্রশাসক,চট্টগ্রাম-কে অনুরোধ করা হয়েছে।<br>(১২) জনাব মোহাম্মদ শাহরিয়ার আল আব্দুল্লাহ,কর্মকর্তা, সিএলএস ডিভিশন, পূবালী ব্যাংক লি:, ঢাকা কর্তৃক নন্দীপাড়া মৌজা, ডেমরা, ঢাকা-এ অবস্থিত ৬.৬০ শতাংশ জমি নামজারি সংক্রান্ত অনলাইনে দাখিলকৃত | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | অভিযোগের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য জেলা প্রশাসক,ঢাকা-কে অনুরোধ করা হয়েছে।<br>(১৩) জনাব আব্দুল খালেক,পিতা:আব্দুর রশিদ,সাং: জংগল লতিফপুর সমদর পাড়া,পাক্কার মাথা,আকবর শাহ্,সিএমপি,চট্টগ্রাম কর্তৃক পাহাড়কাটা,সন্ত্রাসী কার্যক্রম ও চাদাবাজির বিষয়ে অনলাইনে দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য জলা প্রশাসক,চট্টগ্রাম-কে অনুরোধ করা হয়েছে। | | |

(মোঃ মজিবর রহমান )
যুগ্ম-সচিব(প্রশাসন)
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
ফোনঃ ৯৫৪৬৫১০
**E.mail:mojiburrahman3680@gmail.com**

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব,সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং-ভূ:ম:/যুস(খাসজমি)/অভিযোগ তদন্ত-১/২০১৫-১৫৮/১(৩) তারিখ:০৯/০৫/২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। উপসচিব(প্রশাসন),ভূমি মন্ত্রণালয়।
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব,ভূমি মন্ত্রণালয়। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। প্রোগ্রামার,ভূমি মন্ত্রণালয় (তাঁকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো )
০৪। মাস্টার কপি।
০৫। অফিস কপি।

(মোঃ মজিবর রহমান )
যুগ্ম-সচিব(প্রশাসন)
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা